

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১১০

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ মুসলিম ও কাফির ব্যক্তি মুনকার ও নাকীর ফেরেস্তার প্রেশ্নর জবাব দেওয়ার পর কী করবে তার বিবরণ ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَعْمَلُ الْمُسْلِمُ وَالْكَافِرُ بَعْدَ إِجَابَتِهِمَا مُنْكَرًا وَنَكِيرًا عَمَّا يَسْأَلَانِهِ عَنْهُ

## আরবী

3110 \_ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ الشَّيْبَانِيُّ قَالَ: حَدَّثَنَا عَبَّاسُ بْنُ الْوَلِيدِ النَّرْسِيُّ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرِيْعٍ قَالَ: حَدَّثَنَا سَعِيدٌ عَنْ قَتَادَةَ عَنْ أَنسِ بْنِ مَالِكِ أَنَّ نَبِيَّ اللَّهِ صَلَّى لَلَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِنَّ الْعَبْدَ إِذَا وُضِعَ فِي قَبْرِهِ وتَوَلَّوْا عَنْهُ أَصْحَابُهُ حَتَّى إِنَّهُ لَيَسْمَعُ لَللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِنَّ الْعَبْدَ إِذَا وُضِعَ فِي قَبْرِهِ وتَوَلَّوْا عَنْهُ أَصْحَابُهُ حَتَّى إِنَّهُ لَيَسْمَعُ قَرْعَ نِعَالِهِمْ أَتَاهُ مَلَكَانِ فَيُقُولُنِ فَيَقُولَانِ: مَا كُنْتَ تَقُولُ فِي هَذَا الرَّجُلِ؟ فِي مُحَمَّد \_ فَأَمَّا الْمُؤْمِنُ فَيَقُولُ: أَشْهَدُ أَنَّهُ عَبْدُ اللَّهِ وَرَسُولُهُ فَيُقَالُ لَهُ: انظُرْ إِلَى مَقْعَدِكَ مِنَ النَّارِ قَدْ أَبْدَلَكَ اللَّهُ مَقْعَدًا مِنَ الْجَنَّةِ \_ قَالَ قَتَادَةُ: وَذُكِرَ لَنَا: أَنه يفسح لَهُ فِي قَبْرِهِ سَبْعُونَ ذِرَاعًا وَيُملَأُ عَلَيْهِ خَصِراً إِلَى يَوْمِ يَبْعَثُونَ \_ ثُمَّ رَجَعَ إِلَى حَدِيثَ أَنسُ بْنِ مَالِكِ قَالَ: وَأَمَّا ويُملًا عَلَيْهِ خَصِراً إِلَى يَوْمٍ يَبْعَثُونَ \_ ثُمَّ رَجَعَ إِلَى حَدِيثَ أَنسُ بْنِ مَالِكِ قَالَ: وَأَمَّا وَيُملًا عَلَيْهِ خَصِراً إِلَى يَوْمٍ يَبْعَثُونَ \_ ثُمَّ رَجَعَ إِلَى حَدِيثَ أَنسِ بْنِ مَالِكِ قَالَ: وَأَمَّا وَيُملِ عَلَيْهِ خَصِراً إِلَى يَوْم مِ يَبْعَثُونَ \_ ثَمَا كُنْتَ تَقُولُ فِي هَذَا الرَّجُلِ؟ فَيَقُولُ: لَا أَدْرِي كُنْتُ أَقُولُ مَا لِلْكَافِرُ وَالْمُنَافِقُ فَيُقَالُ لَهُ: مَا كُنْتَ تَقُولُ فِي هَذَا الرَّجُلِ؟ فَيَقُولُ: لَا أَدْرِي كُنْتُ أَقُولُ مَا يَقُولُ النَّاسُ فَيُقَالَ: لَا دَرَيْتَ وَلَا تَلَيْتَ ثُمَّ يُصَرِب بِمِطْرَاقٍ مِنْ حَدِيدٍ ضَرْبَةً بَيْنَ أَذُنيْهِ فَيَصِيحُ صَيْحَةً يَسْمَعُهَا مَنْ عَلَيْهَا غِيرِ الثقلينِ)

الراوي: أُنَس بن مَالِكِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3110 | خلاصة حكم المحدث: صحيح – ((الصحيحة)) (1344) , ((الآيات البينات)) (45 ـ 46).

## বাংলা

৩১১০. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "নিশ্চয়ই বান্দাকে যখন কবরে রাখা হয় এবং তার সঙ্গীরা চলে আসে, তখন সে তাদের জুতার আওয়াজ শুনতে পায়। এসময় দুইজন ফেরেস্তা আসেন এবং তাকে বসান। অতঃপর তারা বলেন, "তুমি এই



ব্যক্তি অর্থাৎ মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সম্পর্কে কী বলতে?" তখন মুমিন ব্যক্তি বলবেন, "আমি সাক্ষ্য দিচ্ছি যে, তিনি আল্লাহর বান্দা ও রাসূল।" তখন তাকে বলা হবে, "জাহান্নামে আপনার স্থানের দিকে লক্ষ্য করুন। আল্লাহ আপনাকে সেই স্থানের পরিবর্তে একটি স্থান দান করেছেন।"

কাতাদাহ রহিমাহুল্লাহ বলেন, "আমাদের কাছে হাদীস বলা হয়েছে যে, তার জন্য তার কবরে ৭০ গজ প্রশস্ত করা হবে এবং পুনরুখান দিবস অবধি তার কবরকে সবুজ-শ্যামল দ্বারা পরিপূর্ণ করে দেওয়া হবে।"

তারপর তিনি আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহুর হাদীস বর্ণনায় ফিরে যান। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "আর কাফির ও মুনাফিক ব্যক্তি হলে, তাকে বলা হবে, "তুমি এই ব্যক্তির ব্যাপারে কী বলতে?" সে বলবে, "আমি জানি না। আমি তাই বলতাম, যা লোকজন বলতো।" তখন বলা হবে, "তুমি জানতে না। তেলাওয়াতও করতে না। তারপর তাকে লোহার হাতুড়ি দিয়ে দুই কানের মাঝে প্রহার করা হবে, ফলে সে এমন চিৎকার করবে যা জিন-ইনসান ব্যতিত সবাই শুনতে পাবে।"[1]

## ফুটনোট

[1] ইমাম বাইহাকী, ইসবাতু আযাবিল কবর: ১৫; আল আজুর্রী, আশ শারী'আহ: ৩৬৫; সহীহুল বুখারী: ১৩৩৮; সহীহ মুসলিম: ২৮৭০; নাসাঈ: ৪/৯৭; মুসনাদ আহমাদ: ৩/১২৬; ইমাম আহমাদ, আস সুন্নাহ: ১৩৫৫; সুনান বাইহাকী: ৪/৮০; নাসাঈ: ৪/৯৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ১৩৪৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন